

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২২

পর্ব-৩: পাক-পবিত্রতা (১৯৯৮)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - উযূর নিয়ম-কানুন

আরবী

عَنْ ثَابِتِ بْنِ أَبِي صَفِيَّةَ قَالَ: قُلْتُ لِأَبِي جَعْفَرٍ هُوَ مُحَمَّدٌ الْبَاقِرُ حَدَّثَكَ جَابِرٌ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّاً مرّة مرّة ومرتين مرَّتَيْنِ وَثَلَاثًا ثَلَاثًا. قَالَ: نعم. رَوَاهُ التِّرْمِذِيِّ وَابْن مَاجَه

বাংলা

8২২-[৩২] সাবিত ইবনু আবূ সফিয়্যাহ্ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি জা'ফার-এর পিতা মুহাম্মাদ বাক্কির (ইবনু যায়নুল আবিদীন)-কে বললাম, আপনার কাছে কি জাবির (রাঃ) এ হাদীস বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কখনো এক একবার, কখনো দুই দুইবার, আবার কখনো তিনবার করে উযূ (ওযু/ওজু/অজু) র অঙ্গগুলো ধৌত করেছেন? তিনি বললেন, হ্যাঁ। (তিরমিয়ী ও ইবনু মাজাহ্)[1]

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ৪৫, ইবনু মাজাহ ৪১০। কারণ এর সানাদে আবূ মু'আয (রাঃ)নামে একজন দুর্বল রাবী রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসের মধ্যে তিনটি অবস্থার বর্ণনা করা হয়েছে। হাদীসে উযূর অঙ্গ-প্রত্যঙ্গগুলো ১ বার ও ২ বার এবং ৩ বার করে ধৌত করা যায়, এ বিধান বর্ণনা করা হয়েছে। আর উযূ (ওযু/ওজু/অজু) সহীহ ও সঠিক হওয়ার জন্য এটাই যথেষ্ট।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=54981}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন